

বিএসএমএমইউর উপাচার্য হলেন সায়েদুর রহমান

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ২৭ আগস্ট ২০২৪



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নতুন উপাচার্য হলেন বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সায়েদুর রহমান।

আজ মঙ্গলবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শাখা-১ থেকে উপসচিব মোহাম্মদ কামাল হোসেন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নিয়োগ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, অধ্যাপক সায়েদুর রহমান উপাচার্য হিসেবে তার বর্তমান পদের সম্পরিমাণ বেতন-ভাতা প্রাপ্য হবেন এবং নিয়মিত চাকরির বয়সপূর্ণ হলে মূল পদ থেকে অবসরগ্রহণের আনুষ্ঠানিকতা সেরে উপাচার্য পদের বাকি মেয়াদ পূর্ণ করবেন। তবে বিশ্ববিদ্যালয়ের আচার্য প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

নতুন উপাচার্য অধ্যাপক ডা. সায়েদুর রহমান এর আগে বঙ্গবন্ধু মেডিকেলের ইনফরমেশন টেকনোলজি বিভাগের পরিচালক এবং রেজিস্ট্রার হিসেবেও দায়িত্ব পালন করেছেন। বঙ্গবন্ধু মেডিকলে যোগ দেওয়ার আগে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজে শিক্ষকতা করেছেন তিনি।

১৯৭৮ সালে ঢাকার নটরডেম কলেজ থেকে এইচএসসি পাস করা সায়েদুর রহমান এমবিবিএস করেছেন চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে। পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ইনস্টিটিউট পোস্ট গ্র্যাজুয়েট মেডিসিন অ্যান্ড রিসার্চ থেকে উচ্চতর ডিগ্রি নেন।